21 APR 2016
6 8

সমকাল

# সোনারগাঁয়ে বেত্রাঘাতে আহত ১০ শিক্ষার্থী

## শিক্ষক সাময়িক বরখাস্ত

■ সোনারগাঁ (নারায়ণগঞ্জ) প্রতিনিধি

সোনারগাঁয়ের জামপুর ইউনিয়নের মহজমপুর বহুমুখী উচ্চ বিদ্যালয়ে শিক্ষকের বেত্রাঘাতে ১০ শিক্ষার্থী আহত হয়েছে। গতকাল বুধবার দুপুরে ওই স্কুলের সপ্তম শ্রেণীর 'খ' শাখায় এ ঘটনা ঘটে। আহত শিক্ষার্থীদের স্থানীয় ক্লিনিকে চিকিৎসা দেওয়া হয়েছে। এ ঘটনায় এলাকাবাসী, অভিভাবক ও শিক্ষার্থীরা অভিযুক্ত শিক্ষক হাবিবুল্লাহকে একটি কক্ষে আটকে রেখে বিক্ষোভ করে। বিকেলে ওই স্কুলের ম্যানেজিং কমিটির সভাপতি ও সোনারগাঁ উপজেলা নির্বাহী কর্মকর্তা আবু নাছের ভূঁঞা ওই শিক্ষককে সাময়িক বরখাস্ত করেন। এ ঘটনায় ওই স্কুলের প্রধান শিক্ষক মোহাম্মদ আলী বাদী হয়ে সোনারগাঁ থানায় মামলা করেছেন। শিক্ষক হাবিবুল্লাহকে গ্রেফতার করেছে পুলিশ।

সোনারগাঁ উপজেলা নির্বাহী কর্মকর্তা আবু নাছের ভূঁঞা ঘটনার সত্যতা স্বীকার করে বলেন, ওই শিক্ষককে পুলিশের সহযোগিতায় অবরুদ্ধ অবস্থা থেকে উদ্ধার করা হয়। তাকে সাময়িক বরখাস্ত করা হয়েছে।